

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩২৯৮  
আগরতলা, ১৩ জানুয়ারি, ২০২০

**কৃষি সিঞ্চাই যোজনা নিয়ে পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী  
সেচের উৎসগুলির ছোট ছোট সংস্কারের কাজ দ্রুত সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে**

কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্প প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনা রাজ্যে যথাযথভাবে রূপায়ণের জন্য কৃষি দপ্তর সহ সংশ্লিষ্ট দপ্তরকে সঠিক পরিকল্পনা গ্রহণের জন্য উদ্যোগ নিতে হবে। আজ সচিবালয়ের ১নং সভাকক্ষে কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্প প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনার কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। পর্যালোচনার সভায় মুখ্যমন্ত্রী রাজ্যে সেচের উৎসগুলির ছোট ছোট সংস্কারের কাজগুলিকে দ্রুততার সাথে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। এ ক্ষেত্রে তিনি জলসম্পদ দপ্তরের ইঞ্জিনিয়ারদের বিভিন্ন সংস্কার কাজে আরও যত্নবান হওয়ার পরামর্শ দেন। ছোট ছোট যে সকল সংস্কারের কাজ বারবার সংস্কার করতে হচ্ছে এমন কাজগুলিকে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় রিপোর্ট প্রদানের জন্য পূর্ত (জলসম্পদ) দপ্তরের প্রধান সচিবকে উদ্যোগ নিতে বলেন। রাজ্যে আগামী দিনে কেন্দ্রীয় এই ফ্ল্যাগশীপ প্রকল্প সফলভাবে রূপায়ণ এবং তার পরিকল্পনার জন্য কৃষি, বিদ্যুৎ, জলসম্পদ, গ্রামোন্নয়ন, বিজ্ঞান প্রযুক্তি প্রভৃতি দপ্তরের সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠনের কথা উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। সভায় আলোচনাক্রমে মুখ্যমন্ত্রী আরও বলেন, অটল জলধারা মিশন প্রকল্পের সফল রূপ দিতে জলের কলমিস্ত্রিদের যেমন প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। তেমনি কলমিস্ত্রিদের পাশাপাশি পাম্প অপারেটরদেরও প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়ার জন্য তিনি গুরুত্ব আরোপ করেন।

পর্যালোচনা বৈঠকে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা রাজ্যে রূপায়িত প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় বিভিন্ন দিকগুলি তুলে ধরেন। তিনি বলেন, রাজ্যে ২.৭২ লক্ষ হেক্টর চাষযোগ্য জমির মধ্যে ২.৫৫ লক্ষ হেক্টর এলাকায় চাষাবাদ হচ্ছে। রাজ্যে প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনার কাজের অগ্রগতি তুলে ধরে জানান, ১৩ হাজার ৩৩১ হেক্টর এলাকা সেচের আওতায় আনা হয়েছে। এরফলে ২৪,৫৮৭ জন কৃষক উপকৃত হয়েছে। তিনি আরও জানান, ক্ষুদ্র সেচ ব্যবস্থা নিয়ে কর্মশালা আয়োজনের প্রস্তাব রয়েছে।

পর্যালোচনা বৈঠকে মুখ্যসচিব মনোজ কুমার, অতিরিক্ত মুখ্যসচিব কুমার অলক, অতিরিক্ত মুখ্যসচিব এস কে রাকেশ, পূর্ত দপ্তরের প্রধান সচিব শশী রঞ্জন কুমার, আলোচনায় অংশ নেন। এছাড়াও বৈঠকে গ্রামোন্নয়ন দপ্তরের অতিরিক্ত সচিব বিকাশ সিং, পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের বিশেষ সচিব অপূর্ব রায়, অতিরিক্ত সচিব এন সি শর্মা (মুখ্য সচিবের কার্যালয়) সহ কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*